



স্মারক নং: জবি/সিএসআরটি/২০২৫/০১

তারিখ: ০৫ অক্টোবর, ২০২৫

Advanced Training on Research Methodology

সামাজিক গবেষণার বিভিন্ন পদ্ধতি, প্রক্রিয়া, পরিমাণগত ও গুণগত উপাত্ত (ডাটা) সংগ্রহ ও বিশ্লেষণ এবং গবেষণা কাজে সফটওয়্যারের ব্যবহার (SPSS & R) সম্পর্কে সঠিক ধারণা প্রদানের উদ্দেশ্যে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের আংশিক অর্থায়নে “সেন্টার ফর সোশ্যাল সায়েন্স রিসার্চ এ্যান্ড ট্রেনিং, জবি” দেশের বিশিষ্ট গবেষকদের সমন্বয়ে গঠিত রিসোর্স পার্সনদের দ্বারা “Advanced Training on Research Methodology” শীর্ষক প্রশিক্ষণ কোর্সের উদ্যোগ গ্রহণ করেছে। চার (০৪) সপ্তাহব্যাপী অনুষ্ঠিতব্য (প্রতি সপ্তাহে শুক্রবার এবং শনিবার, সন্ধ্যা ০৬:০০-৯:০০) এই প্রশিক্ষণে সহকারী অধ্যাপক ও প্রভাষক পর্যায়ে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক এবং পিএইচডি., এমফিল ও অনার্স তৃতীয় ও চতুর্থ বর্ষে এবং মাস্টার্স পর্যায়ে অধ্যয়নরত শিক্ষার্থীরা আবেদন করতে পারবেন। প্রশিক্ষণের মোট আসন সংখ্যা ৪০। আগ্রহী অংশগ্রহণকারীদের সংযুক্ত ফরম পূরণ করে অংশগ্রহণ ফিসহ আগামী ০৫/১১/২০২৫ তারিখের মধ্যে নিচের ঠিকানায় জমা দিতে হবে। অংশগ্রহণ ফি হবে নিম্নরূপ:

১. জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী : ৩০০০/-
২. জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষক : ৪০০০/-
৩. অন্যান্য অংশগ্রহণকারী : ৫০০০/-

উল্লেখ্য যে, কোর্সের পক্ষ থেকে প্রত্যেক অংশগ্রহণকারীকে ফাইল, প্যাড, কলম, এবং প্রশিক্ষণ শেষে সার্টিফিকেট প্রদান করা হবে। আরও উল্লেখ্য যে, নির্ধারিত আসন সংখ্যার বেশি আবেদন জমা হলে সহকারী অধ্যাপক, প্রভাষক, পিএইচডি, এমফিল ও মাস্টার্স পর্যায়ে অধ্যয়নরত শিক্ষার্থী; এই ক্রমানুসারে অংশগ্রহণকারী নির্বাচন করা হবে।

যোগাযোগ

অধ্যাপক ড. মোঃ আবুল হোসেন
পরিচালক
সেন্টার ফর সোশ্যাল সায়েন্সেস রিসার্চ এ্যান্ড ট্রেনিং
মোবাইল: ০১৯৩৯০৫০৯৬৬

ড. মোঃ মামুনুর রশীদ শেখ
সহকারী অধ্যাপক
সমাজকর্ম বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়।
মোবাইল: ০১৭১৯২৮৬৫৯২

আবেদন ফরম গ্রহণ ও জমা

জনাব রাশেদুজ্জামান, সহকারী লাইব্রেরিয়ান, সমাজকর্ম বিভাগ, সামাজিক বিজ্ঞান ভবন-২ (২য় তলা), জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা-১১০০। মোবাইল: ০১৯৯৪৫০১৮৩৩

- শুক্রবার ও শনিবারসহ সপ্তাহের প্রতিদিন অফিস চলাকালীন সময়ে আবেদন ফরম গ্রহণ ও জমা দেওয়া যাবে।

উল্লেখ্য, আবেদন ফরম সরাসরি জমাদানে অপারগ হলে ওয়েব সাইট থেকে ফরম ডাউনলোড ও যথাযথভাবে পূরণপূর্বক তা স্ক্যান করে mamunrashid@sw.jnu.ac.bd এই ইমেইল এড্রেসে পাঠানো যাবে। এক্ষেত্রে আবেদনকারীকে:

- ক) আবেদন ফরম-এর নির্ধারিত স্থানে ডিজিটাল ছবি ব্যবহার করতে হবে;
- খ) অংশগ্রহণ ফি (বিকাশ খরচসহ) ০১৯৯৪৫০১৮৩৩ এই বিকাশ (পার্সোনাল) নম্বরে পাঠিয়ে নিশ্চিত করতে হবে।

সংযুক্তি:

- ১। আবেদন ফরম
- ২। রিসোর্স পার্সনদের তালিকা ও প্রশিক্ষণসূচি।